

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৮৯

কৈলাসহর, ১৩ নভেম্বর, ২০২৪

১৫ নভেম্বর কৈলাসহরে রাজ্যভিত্তিক ১৪৯তম বিরসা মুন্ডা জন্মজয়ন্তী

আগামী ১৫ নভেম্বর কৈলাসহর মহকুমার গোলকপুর টি ই উচ্চ বিদ্যালয়ে রাজ্যভিত্তিক ১৪৯তম বিরসা মুন্ডা জন্মজয়ন্তী উদযাপন করা হবে। তথ্য ও সংস্কৃতি দপ্তর, জনজাতি কল্যাণ দপ্তর এবং চন্ডিপুর ব্লকের যৌথ উদ্যোগে গোলকপুর টি ই উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে এ উপলক্ষে এক অনুষ্ঠান আয়োজন করা হবে। যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায় অনুষ্ঠানের উদ্বোধন করবেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস, চন্ডিপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস পাল, ঊনকোটি জেলার জেলাশাসক দিলীপ কুমার চাকমা, মহকুমা শাসক প্রদীপ সরকার, জেলা কল্যাণ আধিকারিক অমরেশ বর্মণ প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন মুন্ডা সমাজপতি ফাগু মুন্ডা। রাজ্যভিত্তিক বিরসা মুন্ডা জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হবে।
